গাংনীর হাড়াভাঙ্গায় ডিস ব্যবসায়ীকে গাছে বেঁধে মারপিঠ

গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের ডিস ব্যবসায়ী আরিফিন রেজাকে
(২১) বেধড়ক মারপিঠ করা হয়েছে। মুমূর্ষু অবস্থায় তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

একইসাথে ফাঁকা স্ট্যাম্পে জোরপূর্বক স্বাক্ষর করে ৭০ হাজার টাকা জরিমানা আদায়ের পায়তারা করছে হাড়াভাঙ্গা গ্রামের ফারুক হোসেনসহ কয়েকজন। এক মাদ্রসা ছাত্রীর সাথে প্রেম সম্পর্কের অপবাদ দিয়ে গত বুধবার রাতে রেজাকে বেধড়ক মারপিঠ করা হয় বলে অভিযোগ করেছেন রেজা ও তার পরিবার।

গাংনী হাসপাতালের একজন চিকিৎসক জানান, আরিফিন রেজার দুই পায়ের হাড় ফেটে গেছে। শরীরের বিভিন্ন স্থানে রডের আঘাতের চিহ্ন রয়েছে। আঘাতে শরীরের বিভিন্ন স্থানের চামড়া উঠে গেছে। তার শারীরিক অবস্থা গুরুতর বলে জানান কর্তব্যরত চিকিৎসক।

অভিযোগে জানা গেছে, ডিস ক্যাবল নেটওয়ার্ক ব্যবসায়ী হাড়াভাঙ্গা গ্রামের কামাল হোসেনের ছেলে আরিফিন রেজা লাইন দেখাশোনার কাজ করেন। গত বুধবার রাত আটটার দিকে হাড়াভাঙ্গা গ্রামের শাওন নামের এক যুবক তার বাড়ির ডিস লাইন মেরামতের কথা বলে ডেকে নিয়ে যায়।

ডিস লাইন মেরামতের এক পর্যায়ে রেজাকে কৌশলে ডেকে হাড়াভাঙ্গা গ্রামের বাগানপাড়ায় নিয়ে যায় একই গ্রামের নৈমুদ্দীন মিলিটারির ছেলে ফারুক হোসেন। সেখানে আগে থেকে ওৎ পেতে থাকা ফারুক ও তার সঙ্গীরা রেজার মুখ ও হাত বেঁধে মারধর শুরু করে। জাম গাছের সাথে রসি দিয়ে বেঁধে মুখে গামছা পুরে রড ও লাঠি দিয়ে বেধড়ক মারপিঠ করে ফারুকসহ তার সঙ্গীয় লোকজন।

আকস্মিক হামলায় রেজার শারীরিক অবস্থা খারাপের দিকে গেলে বিপাকে পড়ে হামলবকারীরা। ফাঁকা স্ট্যাম্পে মিথ্যা স্বীকারোক্তির স্বাক্ষর করতে বাধ্য করে রেজাকে। মারধরের দায় এড়াতে তাৎক্ষনিক এ নাটক সাজায় ফারুক। এক মাদ্রসা ছাত্রীর বাড়িতে যাওয়ার মিথ্যা অপবাদ দিয়ে ৭০ হাজার টাকা জরিমানা করা হয়।

ফারুকের হাত থেকে ছেলেকে ছাড়ানোর জন্য নগদ ১৫ হাজার দিয়ে বাকি

টাকা কয়েকদিন করে পরিশোধের প্রতিশ্রুতি দেয় রেজার পরিবার। এর পরে পরিবারের লোকজন তাকে নিয়ে গাংনী হাসপাতালে ভর্তি করেন।

ফারুকের কথিত শালিসে উপস্থিত কয়েকজন জানান, বিষয়টি সাজানো নাটক। মাদ্রাসা ছাত্রীর সাথে যদি রেজার সম্পর্ক থেকে থাকে তাহলে শালিসে ছাত্রী অথবা তার পরিবারের সদস্যরা উপস্থিত থাকতেন। তাছাড়া আগে থেকেই গোছানো ছিল স্ট্যাম্প।

ফাঁকা স্ট্যাম্পে স্বাক্ষরের ভয় দেখিয়ে ফারুক এখন ৭০ হাজার টাকা দাবি করছে রেজার পরিবারের কাছে। টাকা না দিলে ওই স্ট্যাম্পবলে মামলার হুমকি দিচ্ছে ফারুক। ডিস ব্যবসার বিরোধের জেরে ফারুক এ নাটক সাজিয়েছে বলে মনে করছেন সালিশে উপস্থিত প্রত্যক্ষদর্শীরা।

আরিফিন রেজার পিতা কামাল হোসেন বলেন, আমরা দীর্ঘদিন ধরে গ্রামে ডিস ফিডের ব্যবসা করি। সাম্প্রতিক সময়ে ওই ফারুক হোসেন আরেকটি লাইন নিয়ে গ্রামের মানুষের বাড়িতে আমার লাইন কেটে দিয়ে তার লাইন দিচ্ছে। এ নিয়ে তার সাথে আমাদের বিরোধ রয়েছে। এ বিরোধের জের ধরে আমি ও আমার ছেলেকে প্রায়ই হত্যার হুমকি দিতো ফারুক।

আমার ছেলেকে হত্যার উদ্দেশ্যেই এ হামলা করেছে বলে অভিযোগ করেন তিনি। এ ঘটনার বিচার চেয়ে পুলিশসহ প্রশাসনের বিভিন্ন দপ্তরে আর্জি জানিয়েছেন ভুক্তভোগী পরিবারের সদস্যরা।

এদিকে ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অভিযুক্ত ফারুক ও তার লোকজনের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেছেন গাংনী উপজেলা ডিস ক্যাবল মালিক সমিতির সভাপতি আনারুল ইসলাম বাবুসহ ডিস মালিক সমিতি নেতৃবৃন্দ। হামলকারীদের দ্রুত গ্রেফতার পূর্বক বিচারের দাবি জানান তারা।

এবিষয়ে গাংনী থানার ওসি বজলুর রহমানের সাথে যোগাযোগ করার জন্য সরকারি মোবাইল নাম্বারে কল করে তিনি কল রসিভি করেননি।

গাংনীতে তিনটি সড়ক উন্নয়ন কাজের উদ্বোধন করেন এমপি খোকন

এমপি সাহিদুজ্জামান খোকন মেহেরপুরের গাংনী উপজেলার বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সড়ক উন্নয়ন কাজের উদ্বোধন করেছেন। বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে শুরু হয়ে দুপুর পর্যন্ত বিরতিহীন ভাবে উপজেলার বিভিন্ন প্রান্তে এসব সড়ক উন্নয়ন কাজের উদ্বোধন করেন। উদ্বোধন ঘোষণা শেষে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

প্রকল্পগুলোর মধ্যে রয়েছে- মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন ২০১৯-২০২০ অর্থবছরে পল্লী সড়ক রক্ষণাবেক্ষণ ও কালভার্ট মেরামত কর্মসূচী প্রকল্পের আওতায় বামন্দি (আরএইচডি) হতে নওদাপাড়া জিসি রাস্তার উন্নয়ন কাজের উদ্বোধন যার চুক্তিমূল্য ৮৭,০২,৯৩২ টাকা।

বৃহত্তর কুষ্টিয়া জেলা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (GKRDP) প্রকল্পের আওতায় পীরতলা হাট হতে নাটনাপাড়া ঘাট পর্যন্ত পর্যন্ত রাস্তার উন্নয়ন কাজ। যার প্রকল্পিত ব্যয় ১,৫৭,৪৬,৪৮৩ টাকা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এলজিইডি।

বৃহত্তর কুষ্টিয়া জেলা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (GKRDP) এর আওতায় রাইমনতলা হতে মহব্বতপুর গ্রাম পর্যন্ত সড়ক উন্নয়নের কাজ ১,২৮,০৭,৮৮৩ টাকা, বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এলজিইডি।

পরে সহড়াবাড়িয়া গ্রামে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী) আসনের মাননীয় সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

এ সময় জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল হক, উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখসহ উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগ এবং অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে “এগিয়ে যাচ্ছে বাংলাদেশ” শীর্ষক প্রচার কার্যক্রম অব্যাহত

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধিন গণযোগাযোগ অধিদপ্তরের “গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ” প্রকল্পের আওতায় এগিয়ে যাচ্ছে বাংলাদেশ” শিরোনামে দেশব্যাপী প্রচার কার্যক্রম চলছে।

গত বুধবার তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: ফারুক আহমেদের নেতৃত্বে একটি পরিদর্শক দল মেহেরপুরে ওয়াপদা মোড়ে এবং প্রকল্প পরিচালক মোহাম্মদ ওমর ফারুক দেওয়ানের নেতৃত্বে একটি টিম বিকালে তাহের ক্লিনিক মোড়ে প্রদর্শীত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ।

প্রকল্পের আওতায় সরকারের অগ্রধিকার মূলক ভ্রাম্যমাণ এল.ই.ডি ভ্যানে করে জনগনের সামনে তুলে ধরা হয়। এছাড়াও নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন, বাল্যবিবাহ রোধে,সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ, মাদক প্রতিরোধে ,নারীর প্রতি সকল ধরনের সহিংসতা রোধসহ বিভিন্ন বিষয়ে সচেতনামূলক প্রমান্যচিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে উভয়ে সংক্ষিপ্ত বক্তৃতাকালে সরকারের উন্নয়ন মূলক কার্যক্রম ও এর সুফল উপস্থিত দর্শককের সামনে তুলে ধরেন। উভয় অনুষ্ঠান শেষে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং জনগণের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। উল্লেখ, এগিয়ে যাচ্ছে বাংলাদেশ’এ প্রকল্পের আওতায় দেশব্যাপি ১৯০০ স্পটে ভ্রাম্যমান চলচ্চিত্র প্রদর্শন করা হবে । এর মধ্যে মেহেরপুরেও ভ্রাম্যমাণ ভ্যানের মাধ্যমে ৬৪ টি স্পটে প্রদর্শন করা হবে ।

গাংনীর বামুন্দি ইউনিয়নে দুই বছর সম্মানী ভাতা বঞ্চিত ইউপি সদস্যদের নালিশ

মেহেরপুরের গাংনীর বামন্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শহিদুল ইসলামের বিরুদ্ধে দুই বছর সম্মানী ভাতা না পেয়ে লিখিত নালিশ করেছেন ওই পরিষদেরই সাত সদস্য। বৃহষ্পতিবার দুপুরে ইউপি সদস্যরা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) অফিসে উপস্থিত হয়ে এ নালিশ জানান। তাদের অভিযোগ ইউপি চেয়ারম্যান দুই বছর যাবত তাদের প্রাপ্য সম্মানী প্রদান করছেন না। লিখিত নালিশ পেয়ে বিষয়টি সুরাহার আশ^◌াস দেন ইউএনও।

ইউপি সদস্য মিলন হোসেন বলেন, অত্র ইউপির অধিনে বড় একটি হা বাজারসহ কয়েকটি কারখানা রয়েছে। এসব প্রতিষ্ঠান ছাড়াও ট্রেড লাইসেন্স ও ট্যাক্স আদায় করে পর্যাপ্ত অর্থ ইউপি তহবিলে জমা দেয়া হয়েছে। অথচ ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম তাদের সম্মানী প্রদান করছেন না। সম্মানীভাতা চাইতে গেলে দিতে পারবেননা বলে জানিয়েদের চেয়ারম্যান।

বিষয়টি প্রতিকার চেয়ে উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসক বরাবর লিখিত নালিশ করেন।

চেয়ারম্যান শহিদুল ইসলাম চিকিৎসাজনিত কারণে ঢাকায় অবস্থান করছেন। তার ব্যবহৃত মুঠো ফেনে কল দেয়া হলেও তিনি রিসিভ করেন নি।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, তিনি চেয়ারম্যান শহিদুল ইসলামের সাথে বসে বিষয়টি সুরাহা করার চেষ্টা করবেন।

মেহেরপুর জেলা পরিষদের বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ

নারীদের আরও এগিয়ে নিয়ে যেতে মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকার সেলাই প্রশিক্ষণ কারীদের মধ্যে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।
বৃহস্পতিবার সকাল ১১ টার সময় মেহেরপুর জেলা পরিষদ মিলনায়তনে এসকল সেলাই মেশিন বিতরণ করা হয়।
মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নিজ হাতে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি, বুড়িপোতা এবং মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের বিভিন্ন এলাকার ৮৪ জন সেলাই প্রশিক্ষণ মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ করেন।এসময় জেলা পরিষদের সদস্য খাজা মইনুদ্দিন লিটন,আব্দুল কুদ্দুস, চেয়ারম্যানের গোপনীয় সহকারি শাহীন ইকবাল,সহকারী প্রকৌশলী মজিবুর রহমান সহ প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।

গাংনীতে গাঁজা রাখার অপরাধে একজনের জেল জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলায় গাঁজা রাখার অপরাধে মোমিন(৪০) নামের একজনের ১৫ দিনের জেল ও ৯০০ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। বৃহষ্পতিবার দুপুরে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী হাকিম ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম এ দণ্ডাদেশ দেন। মোমিন মেহেরপুরের গাংনী উপজেলার মানিকদিয়া গ্রামের আব্দুল আজিজের ছেলে। দণ্ডিত কে মেহেরপুর কারাগারে প্রেরণ করা হয়েছে।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা যায়, মোমিন মাদক সেবী ও পাচারকারী। তার বাড়িতে অভিযান চালিয়ে পাঁচ গ্রাম গাঁজা পাওয়া যায়। এসময় ভ্রাম্যমাণ আদালত তাকে দোষি সাব্যস্ত করে ১৫ দিনের জেল ও ৯০০ টাকা জরিমানা করেন। এসময় গাংনী থানা পুলিশের এসআই সাহিদুর ও এএসআই রাজু আহাম্মেদ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমঝুপীতে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ২০২১ উপলক্ষে মউক এ আলোচনা সভার আয়োজন করে।আজ বৃহস্পতিবার সকাল ১০টার দিকে গণ সাক্ষরতা অভিযান এর সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

সভাপতিত্ব করেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এর সভাপতি ও জেলা শিল্পকলা একাডেমির সাধারন সম্পাদক অধ্যাপক সাইদুর রহমান।

প্রধান অতিথি ছিলেন উপজেলা মধ্যমিক শিক্ষা অফিসার মোঃ আনোয়ার হোসেন। বক্তব্য রাখেন সাবেক ইউপি সদস্য রাশিদুল ইসলাম, সাবেক শিক্ষক হাজী আজগার আলী মাস্টার।স্বাগত বক্তব্য রাখেন মউক এর সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন।

আলোচনা সভার পরে একটি র্যালী আমঝুপীর সড়ক প্রদক্ষিন করে। আনুষ্ঠান পরিচালনা করেন মউক এর স্কুল চিলড্রেন কর্মসূচির জেলা প্রোগ্রাম ম্যানেজার সাদ আহমেদ।

আনুষ্ঠানে উপজেলা মধ্যমিক শিক্ষা অফিসার মোঃ আনোয়ার হোসেন বলেন এশিয়ায় সাক্ষরতার হারে আমরা এখনো পিছিয়ে,সরকার ও সবার চেষ্টায় আমরা শতভাগ সাক্ষরতার হার অর্জনে সক্ষম হব।

গাংনীতে গাঁজা ও ফেন্সিডিলসহ

আটক-২

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে গাঁজা ও ফেন্সিডিলসহ দুজনকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

গতকাল বুধবার রাতে গাংনী থানার কাথুলী বাজার এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। আটককৃতরা হলো কাথুলী গ্রামের রফিকুল ইসলামের ছেলে রকিব মিয়া (২৩) ও একই গ্রামের মকবুল হোসেনের ছেলে আশিক ইসলাম (২১)।

ডিবি সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ওসি জুলফিকার আলীর নেতৃত্বে এসআই অজয় কুমার কুন্ডু, এএসআই হেলাল উদ্দিন, এএসআই মাহাতাব উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে গাংনী থানার কাথুলী বাজার এলাকায় অভিযান চালিয়ে রকিব ও আশিককে আটক করা হয়।

এসময় তাদের কাছ থেকে ৫ বোতল ফেন্সিডিল ও ৫’শ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

মেহেরপুরে ২ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে গাংনী২ জন।

বুধবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৮৩ টি। তারমধ্যে ২ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫১ জন। তার মধ্যে সদরে ২০ জন, গাংনীতে ২৩ জন এবং মুজিবনগরে ৮ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৮ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৭ জন ও মুজিবনগরে ৩৯ জন।

গাংনীতে দেড় কোটি টাকার ৬টি প্রকল্পের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে প্রায় দেড়কোটি টাকার ৬টি প্রকল্পের কাজের উদ্বোধন করা হয়েছে। বুধবার দুপুরে মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন প্রকল্প গুলোর উদ্বোধন করেন। প্রকল্প গুলোর মধ্যে রয়েছে, গাংনীর সাহারবাটি ইউনিয়ন ভূমি অফিস, ভাটপাড়া মার্কেট, দুটি রাস্তা, কৃষক ছাউনি ও একটি মাধ্যমিক বিদ্যালয় ভবন। প্রকল্প ছয়টির মধ্যে পাঁচটির বাস্তবায়ন করে এলজিইডি ও একটি বাস্তবায়ন করে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। কৃষক ছাউনিটি এমপি সাহিদুজ্জামানের নিজস্ব বাস্তবায়ন।
এমপি সাহিদুজ্জামান বলেন, স্থানীয় মানুষের চাহিদা অনুযায়ি প্রকল্প দেয়া হয়েছিল। সেগুলো বাস্তবায়ন শেষে উদ্বোধন করা হল।

এসময় গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মস্তফা,ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক,মিজানুর রহমান রানা ও জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদ মুর্শেদ অতুল ও জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুল উপস্থিত ছিলেন।